

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

নথিযোগ অধিশাখা

www.mopa.gov.bd

প্রজ্ঞাপন

১৪ জৈষ্ঠ ১৪২১ বঙ্গাব্দ

নথ: ০৫.০০.০০০০.১৪৭.৩১.০১০.১২-৫২ তারিখ: -----

২৮ মে ২০১৪ খ্রিস্টাব্দ

৩১তম বি.সি.এস. পরীক্ষা, ২০১১ এর ফলাফলের ভিত্তিতে সরকারী কর্ম কমিশনের ৩০/০৭/২০১২ তারিখের ৮০.২০০.০৬৪.০০.০০৪.২০১-
১৫৭ নং পত্রের সুপারিশভর্তৃ এ প্রজ্ঞাপনের তৃতীয় অনুচ্ছেদে বর্ণিত প্রার্থীকে
বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারে প্রভাষক (ইতিহাস) পদে জাতীয়
বেতনক্ষেত্রে, ২০১৯ অনুসারে টাকা ১১০০০-৮৯০×৭-১৪৪৬০-ই-বি-
৫৪০×১১-২০৩৭০/- বেতনক্ষেত্রে নিয়োগপ্রতি শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) তাঁকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ
প্রতিষ্ঠানে অনুযান ০৪ (চার) মাসের বুনিয়াদী প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
প্রয়োজনবোধে সরকার এ প্রশিক্ষণের সেয়াদ বাড়াতে বা কমাতে পারবে
অথবা প্রয়োজনবোধে সরকার বুনিয়াদী প্রশিক্ষণের পূর্বে তাঁকে অন্য কোন
প্রশিক্ষণের জন্য মনোনীত করতে পারবে;

(খ) উক্ত বুনিয়াদী প্রশিক্ষণ সমাপনাতে তাঁকে তাঁর চাকরি সংগঠিত প্রতিষ্ঠানে
সরকার যেকোন প্রেরণ করবে সেকুপ পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ
করতে হবে;

(গ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে।
শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহুল থাকার অনুপযোগী বলে বিবেচিত
হন, তবে কোন কারণ দর্শনো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ
ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক) ও (খ) এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন,
বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত
হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক) এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন
জামানতদারসহ ৩০০/- (তিনিশত) টাকা মূল্যের নন-জুড়িশিয়াল স্ট্যাম্পে এ
মর্মে একটি বড় সম্পদান করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা
শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিনি) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা
দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে
উত্তোলিত অফিম/অর্মগভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত
সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মসূল হতে
অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বড় দায়িত্ব করে তাঁকে প্রশিক্ষণে
মেতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-
কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের
প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাট, ১৯১৩ এর বিধান
অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শূরুলা ও আপীল)
বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তাঁর বিবরক্ষে শাতিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) ৩১তম বি.সি.এস. পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-
বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ
করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপ্রতি বাতিল বলে গণ্য
হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনিশত)
টাকা মূল্যের নন-জুড়িশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বড় সম্পদান করতে

হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন ঘোষক
নিরবেন না এবং কোন ঘোষক দিবেন না;

(ঝ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি একুশ ক্ষেত্রে তাঁর চাকরি
সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং
সরকার কর্তৃক ভবিষ্যতে প্রগতিব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর
চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servants (Conduct) Rules, 1979 এর
১৩(১) বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি
ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংগঠিত ক্যাডার নিয়ন্ত্রণকারী
মন্ত্রণালয়ে জমা দিতে হবে।

(ঠ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন শ্রমণ ভাতা/দৈনিক ভাতা
পাবেন না।


২। অনুচ্ছেদ-১ এ উল্লিখিত শর্তবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে
আগামী ০১ আবার্চ, ১৪২১ বঙ্গাব্দ/১৫ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখ পূর্বাহ্নে
ক্যাডার নিয়ন্ত্রণকারী শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত কার্যালয়ে যোগদানের
জন্য তাঁকে অনুরোধ করা হলো। শিক্ষা মন্ত্রণালয় হতে পরবর্তী কোন নির্দেশ
না পেলে উল্লিখিত তারিখেই তিনি শিক্ষা মন্ত্রণালয়ে যোগদান করবেন।
নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান
করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপ্রতি বাতিল বলে গণ্য
হবে।

৩। ক্যাডারের নাম: বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা)
পদের নাম : প্রভাষক (ইতিহাস)
নিয়োগপ্রাপ্ত : ০১ (এক) জন

ক্রমিক নং	মেধাক্রম	রেজিস্ট্রেশন	নাম
১	১১	০৪৪২৪৮	মোঃ ইব্রাহিম

৪। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(ড. কামাল আবদুল মাসের চৌধুরী)
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

১৪ জ্যৈষ্ঠ ১৪২১ বঙ্গাব্দ

নম্বর: ০৫.০০.০০০০.১৪৭.৩১.০১০.১২-৫২

তারিখ: -----

২৮ মে ২০১৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ।
- ৩। সচিব, শিক্ষা মন্ত্রণালয়
বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারে নিয়োগপ্রাপ্ত ০১ (এক) জন প্রার্থীর সংশ্লিষ্ট কাগজপত্রসহ ৩১তম বি.সি.এস. পরীক্ষার মূল আবেদনপত্র, স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন এ সাথে প্রেরণ করা হলো। নিয়োগপ্রাপ্ত প্রার্থী যাতে আগামী ০১ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ/১৫ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখ পূর্বাহ্নে নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদান করতে পারেন, সে লক্ষ্যে যথাসময়ে পদায়ন আদেশ জারি করার প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/রেষ্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
- ৫। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৬। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৭। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৮। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। যুগ্মসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১০। উপসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১২। সিনিয়র সিস্টেমস্ এনালিষ্ট, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, জনপ্রশাসন মন্ত্রণালয় (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
- ১৩। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (তাঁকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ২০ (বিশ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ১৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৫। জনসংযোগ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ১৬। জনাব/বেগম.....!

১৪২১-০৫-২০১৪
(শাহনারা খাতুন)
উপসচিব
ফোন: ৯৫৭৪০০৭